

বণিক বার্তা, ২০১৯-০৩-০৯, পৃঃ- ১২



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগরে নিজস্ব ক্যাম্পাসে শোভাযাত্রা, চলচ্চিত্র প্রদর্শন ও বিশেষ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি ও মলিকিউলার বায়োলজি বিভাগের অধ্যাপক ড. হাসিনা খান, বিশিষ্ট সংগীতশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগের চেয়ারপারসন রেজওয়ানা চৌধুরী বন্যা, বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতির প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. ফরকরুল আলম। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউল্লিমের সভাপতিত্বে আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। —বিজ্ঞপ্তি